10

তারিখ ... 16 NOV 1994
পৃষ্ঠা ৭ কলাম 2

দৈনিক বাংলা

# "উন্নয়নশীল দেশে নিরক্ষর লোকের সংখ্যা বাড়ছে"

স্টাফ রিপোর্টার : দেশের বিশিষ্ট শিক্ষাবিদ ও গণসাক্ষরতা অভিযানের পরিচালক ডঃ আবদুল্লাহ আলমুতী শরফুদ্দীন বলেছেন, বিশ্বে বয়স্ক সাক্ষরতার হার বাড়লেও উন্নয়নশীল দেশগুলোতে নিরক্ষর লোকের সংখ্যাও আশংকাজনকভাবে বেড়ে চলেছে। বিশেষত উন্নয়নশীল দেশসমূহে নিরক্ষর লোকদের বেশীরভাগই হচ্ছে মহিলা। আমাদের উন্নয়নের পথে এটি একটি বাধা হয়ে দেখা দিয়েছে।

সোমবার মানিকগঞ্জের অদূরে প্রশিকার কৈট্টাহ্ প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত বয়স্ক সাক্ষরতা বিষয়ক ৪ দিনব্যাপী আন্তর্জাতিক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন। এ্যাকশন এইড বাংলাদেশ এবং গণসাক্ষরতা অভিযান যৌথভাবে এ কর্মশালার আয়োজন করে।

ডঃ মুতী বলেন, সাধারণভাবে মনে করা হয় যে বয়স্কদের সাক্ষর করার প্রক্রিয়া অত্যন্ত জটিল ও অপচয় সাপেক্ষ। সেক্ষেত্রে বয়স্ক সাক্ষরতা বিষয়ক আন্তর্জাতিক পর্যায়ের এই কর্মশালার মধ্যদিয়ে উন্নয়নশীল দেশসমূহের জন্য উপযোগী, কার্যকর ও কম ব্যয়সাধ্য একটি পদ্ধতি নির্ধারণ করা সম্ভব হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এ্যাকশন এইড বাংলাদেশ এর ভারপ্রাপ্ত পরিচালক পারভীন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে ওডিএ'র শিক্ষা উপদেষ্টা ডেভিড ক্লার্ক বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। এ্যাকশন এইড ইউকের শিক্ষা নীতি বিশ্লেষক ডেভিড আর্চার বয়স্ক শিক্ষা ক্ষেত্রে নতুন পদ্ধতি 'রিফ্লেক্ট' ব্যাখ্যা করেন।